

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩
www.mohpw.gov.bd

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৩(অংশ).২৩৫


তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৫
০৬ মার্চ ২০১৯

বিষয়ঃ উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন।

উপর্যুক্ত বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের উত্তর চর্চার (Best Practice) তালিকা নিম্নরূপভাবে নির্দেশক্রমে প্রণয়ন করা হলোঃ

উত্তম চর্চার শিরোনামঃ প্লট/ফ্ল্যাট/বাড়ির বিক্রয় অনুমতি/হেবা/দান ও নামজারী সংক্রান্ত কার্যক্রম।

উত্তম চর্চার বিবরণ: গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের শাখা-৭/৮/৯ হতে পূর্বে প্লট/ফ্ল্যাট/বাড়ির বিক্রয় অনুমতি ও নামজারীর অনুমতি আলাদা আলাদাভাবে গ্রহণ করতে হতো। এতে অনেক বেশি সময় লাগতো। অর্থাৎ একবার হস্তান্তর প্রক্রিয়ার জন্য সকল ধাপ অনুসরণ করে সিদ্ধান্ত প্রদান করা হতো। আবার হস্তান্তরের পরে ঐ সকল প্রক্রিয়া অনুসরণ করে নামজারীর অনুমতি প্রদান করা হতো। ফলে সাধারণ নাগরিকের অনেক বেশি সময় ও অর্থ ব্যয় হতো। বর্তমানে এ দুটি সেবা একসঙ্গে কম সময়ে ও কমব্যয়ে প্রদান করা হচ্ছে এবং সুবিধাভোগীদের ই-মেইলে পত্র প্রেরণ করা হচ্ছে। এছাড়া পূর্বে প্লট/ফ্ল্যাট/বাড়ির হেবা দান হস্তান্তরের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণপূর্বক সাব-রেজিস্ট্রি অফিস হতে হেবা দলিল সম্পাদন করা হতো। অতঃপর হেবা দলিল সম্পাদনের পর মন্ত্রণালয়ে নামজারী আবেদন করলে নামজারীর অনুমতি প্রদান করা হতো। বর্তমানে মন্ত্রণালয় হতে হেবা/দান হস্তান্তরের অনুমতি গ্রহণের প্রয়োজন নেই। শুধুমাত্র নামজারীর অনুমতি প্রদান করা হয়। বর্তমানে সেবাটি কম সময়ে কম ব্যয়ে প্রদান করা হচ্ছে এবং সুবিধাভোগীদের ই-মেইলে পত্র প্রেরণ করা হচ্ছে।


মো: ছিদ্দিকুর রহমান
উপসচিব
দুরালাপনী-৯৫১২২৩১

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা।

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (বাজেট), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (উন্নয়ন অধিশাখা-৯), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট (আইসিটি শাখা), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অফিস কপি।